



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/সংস্থা/৯৫২

তারিখঃ ১৮/০৮/২০১৬খ্রিঃ

জরুরি বিজ্ঞপ্তি


এতদ্বারা বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল স্তরের মাদরাসা প্রধান, শিক্ষার্থী, মাদরাসা পরিচালনা কমিটি এবং অভিভাবকসহ স্থানীয় সমাজের বিশিষ্ট উদ্যোগী ব্যক্তিবর্গকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৮/২০১৬খ্রিঃ তারিখের নং- ৩৭.০০.০০০০.০৬৫.৪১.০৬৭.১৬.৪২২ স্মারকের পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ০৩/০৯/২০১৬খ্রিঃ তারিখ মন্ত্রণালয়াদীন সকল প্রতিষ্ঠানে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

সভার আলোচ্যসূচি / আবশ্যিক করণীয়ঃ

- আয়োজিতব্য সভায় জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ বিরোধী জনসচেতনতা সৃষ্টি ও মাদরাসায় শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণসহ রোভার স্কাউটিং, গার্লস গাইড, সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া অনুষ্ঠান বৃদ্ধি করে ১টি শিক্ষা বাস্কব পরিবেশ তৈরির উপর আলোচনায় আলোকপাত করতে হবে।
- সভায় মাদরাসার সকল শিক্ষক, অভিভাবক, সমাজের বিশিষ্ট ও গণ্যমান্য ব্যক্তিবর্গ, সমাজকর্মী, ইমাম, শিক্ষার্থী এবং গণমাধ্যম সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- দাখিল ও আলিম স্তরের মাদরাসার ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর তত্ত্বাবধানে/অনুমতিক্রমে উক্ত সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসায় বর্ণিত কর্মসূচি যথাযথভাবে পালন নিশ্চিতকরণের জন্য মাদরাসার সুপার/অধ্যক্ষকে অনুরোধ করা হলো।


১৮/০৮/২০১৬


প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্যা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২১৬


প্রাপকঃ সুপার/অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা।


নং-বামাশিবো/সংস্থা/৯৫২(৯)

তারিখঃ ১৮/০৮/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
৬. কেন্দ্র সচিব (সকল)- জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষা কেন্দ্র
(বিষয়টি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ বিধায় তাঁদের আওতাভুক্ত সকল মাদরাসা প্রধানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৭. সভাপতি, পরিচালনা কমিটি (সকল মাদরাসা)।
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।


১৮/০৮/২০১৬


মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪